যায়যায়দিন

22 APR. 2012

তারিখ .....
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৯ .....

শিক্ষার মানোন্নয়নে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক জরুরি

যাযাদি রিপোর্ট

শিক্ষার মানোন্নয়নে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক জরুরি। যোগ্য শিক্ষক নিয়োগে জাতীয় শিক্ষাকমিশন ও বেসরকারি শিক্ষক নির্বাচন কমিশন গঠন করতে হবে। শনিবার সিরডাপ মিলনায়তনে 'আমার অধিকার' আয়োজিত 'জাতীয় শিক্ষানীতির সফল বাস্তবায়ন : প্রত্যাশা ও চ্যালেঞ্জ' শীর্ষক এক মতবিনিময় সভায় বক্তারা এসব কথা বলেন। সভায় শিক্ষানীতির সুপারিশ বাস্তবায়নে একটি আইনের প্রয়োজনীয়তা তুলে ধরা হয়। আইনে প্রাথমিক শিক্ষাকে 'শিশু অধিকার' হিসাবে প্রতিষ্ঠিত করার ওপর জোর দেয়া হয়।

শিক্ষানীতি প্রণয়ন কমিটির কো-চেয়ারম্যান এবং আমার অধিকারের উপদেশক ড. কাজী খলীকুজ্জমান আহমদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক কাজী ফারুক আহমেদ। সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন আমার অধিকার ক্যাম্পেইনের চেয়ারপার্সন ড. নিলুফার বানু ও মূল ধারণাপত্র উপস্থাপন করেন শিক্ষা বিষয়ক গবেষক সাব্বির বিন সামস।

বক্তারা বলেন, জাতীয় শিক্ষানীতি বাস্তবায়নে একটি রোডম্যাপ তৈরি করা দরকার। একটি যথাযথ রোডম্যাপ শিক্ষানীতি বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে। রোডম্যাপ তৈরি ও বাস্তবায়নে বাজেটে পর্যাপ্ত আর্থিক বরাদ্দের সুপারিশ করা হয়। শুধু মাত্র আর্থিক দিকগুলো অডিট না করে শিক্ষার সার্বিক মান মূল্যায়নে লক্ষ্য রাখার দাবি করেন বক্তারা।